

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি ২-শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০২২.০০.০০.০১৪.২০১৫-(অংশ-২)- ৪০৭


তারিখঃ ২৫ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ  
০৮ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-২৬৬৩/২০১৭ হতে উদ্ভূত লীড-টু-আপীল মামলা নং ১১৬৭/২০১৭ এর ০৯/০৪/২০১৭ খ্রিঃ তারিখে আদেশ।

সূত্রঃ অত্র বিভাগের আইন-১ অধিশাখার স্মারক নং-১২৭৩, তারিখ : ৩১/০৫/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০০০(দুই হাজার)টি ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ছাড়পত্র প্রদানের আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-২৬৬৩/২০১৭ দায়ের করা হয়। উক্ত রীট পিটিশনে প্রদত্ত ২৮/২/২০১৭ তারিখের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল বিভাগ সিভিল পিটিশন ফর লীফ টু আপীল নং-১১৬৭/২০১৭ দায়ের করা হয়। উক্ত লীড টু আপীল মামলায় মহামান্য আপীল বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশে বলা আছে যে, ২০০০টি ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ কার্যক্রম স্থগিত করা যাবে না এবং যথানিয়মে চলবে। এর পরিপ্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে আর কোন প্রকার আইনগত বাঁধা রইল না।

এমতাবস্থায়, ২০০০টি ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(ড. সৈয়দা নওশীন পার্বিনী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)

----- জেলা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।